

রাজশাহী বিশ্ববিদ্যালয়
একাদশ সমাবর্তনে নিবন্ধিত গ্রাজুয়েটদের জন্য নির্দেশিকা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একাদশ সমাবর্তন আগামী ৩০.১১.২০১৯ তারিখ বেলা ৩:৩০মি. বিশ্ববিদ্যালয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত সমাবর্তনে নিবন্ধিত গ্রাজুয়েটদের জন্য নিম্নোক্ত গুরুত্বপূর্ণ বিষয়সমূহ প্রচার করা হলো:

১. নিবন্ধিত গ্রাজুয়েট (স্নাতকোত্তর, DVM, PhD)-কে নিজ বিভাগ/ইনস্টিটিউট থেকে সার্টিফিকেট ও কস্টিউমসহ অন্যান্য দ্রব্যাদি আগামী ২৯.১১.২০১৯ তারিখ সকাল ৯:০০টা হতে দুপুর ১২:০০টা ও বিকাল ৩:০০টা হতে সন্ধ্যা ৭:০০টা এবং ৩০.১১.২০১৯ তারিখ সকাল ৯:০০টা হতে বেলা ১১:০০টার মধ্যে সংগ্রহ করতে হবে।

MBBS ও BDS-এর গ্রাজুয়েটবৃন্দ উল্লেখিত সময়ে সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী ভবনে অবস্থিত যথাক্রমে শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (কক্ষ নং ২০৪) এবং আইকিউএসি (কক্ষ নং ৩০৬বি) হতে সার্টিফিকেট ও কস্টিউমসহ অন্যান্য দ্রব্যাদি সংগ্রহ করতে পারবেন।

মূল সার্টিফিকেট গ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করতে হবে—

- নিবন্ধিত গ্রাজুয়েটদের মূল সনদপত্র প্রদানের সময় সমাবর্তন নিবন্ধন পত্র জমা দিতে হবে।
- সমাবর্তন নিবন্ধন পত্র হারিয়ে গেলে/সাথে না থাকলে ওয়েবসাইট (www.ru.ac.bd) থেকে ডাউনলোড করা যাবে।
- নিবন্ধিত গ্রাজুয়েট পূর্বে সাময়িক সনদপত্র উত্তোলন করে থাকলে তা অবশ্যই জমা দিয়ে মূল সনদপত্র গ্রহণ করতে হবে।
- সাময়িক সনদপত্র হারিয়ে থাকলে জিডি ও সংবাদপত্র বিজ্ঞপ্তি জমা দিয়ে মূল সনদপত্র গ্রহণ করতে পারবেন।
- নিবন্ধিত কোনো গ্রাজুয়েট সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত হতে না পারলে মূল সনদপত্র কেবল মাত্র তার পক্ষে বিশ্ববিদ্যালয়ে কর্মরত কোনো শিক্ষক/কর্মকর্তা গ্রহণ করতে পারবেন।

২. দুপুরের খাবারের কুপন আপ্যায়ন কমিটি কর্তৃক যথাস্থানে প্রেরণ করা হবে। ৩০.১১.২০১৯ তারিখ বেলা ১১:০০টা হতে ১২:০০টার মধ্যে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট/দপ্তর হতে খাবার সংগ্রহ করতে হবে।

৩. অনুষ্ঠানস্থলে প্রবেশের জন্য সমাবর্তনের আমন্ত্রণপত্র অবশ্যই সঙ্গে রাখতে হবে। আমন্ত্রণ পত্র হস্তান্তরযোগ্য নয়। ব্যক্তিগত আলগোয়ান্স, মোবাইল ফোন বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস, হাতব্যাগ, ক্যামেরা, পানির বোতল সঙ্গে নিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না।

৪. নিবন্ধিত গ্রাজুয়েট সমাবর্তনের পোশাক পরিধান করে ৩০.১১.২০১৯ তারিখ বেলা ১:০০টা হতে ২:৩০মি. মধ্যে অনুষ্ঠানস্থল (রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শেখ কামাল স্টেডিয়াম)-এ প্রবেশ করতে হবে। সমাবর্তনস্থল (স্টেডিয়াম)-এ প্রবেশের ক্ষেত্রে অবশ্যই নিম্নে উল্লেখিত গেট ব্যবহার করতে হবে।

- গেট নং ২-৩: মহিলা গ্রাজুয়েটদের জন্য নির্ধারিত।
- গেট নং ৪-৫ ও ৬-৭: পুরুষ গ্রাজুয়েটদের জন্য নির্ধারিত।

৫. ২০১৫ সালের পূর্বে ও ২০১৬ সালের পরে স্নাতকোত্তর, MBBS, BDS, DVM, PhD ডিগ্রী অর্জনকারীদের কেউ ভুল তথ্য প্রদানের মাধ্যমে নিবন্ধন করে থাকলেও তাঁরা সমাবর্তনে অংশগ্রহণের সুযোগ পাবেন না।

৬. প্রয়োজনীয় তথ্যের জন্য ০১৭৩০৮৫৯৮৭৮ নম্বরে যোগাযোগ করা যাবে।

প্রফেসর এম এ বারী
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়